সম্প্রীতি বিনষ্টের সব ষড়যন্ত্র আমরা নস্যাৎ করে দেব: জিএম কাদের

চেম্বার ডেস্ক:: জাতীয় পার্টি চেয়ারম্যান ও বিরোধী দলীয় উপনেতা গোলাম মোহাম্মদ কাদের বলেছেন, কোনো অপশক্তি বাংলাদেশের সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করতে পারবে না। সম্প্রীতি বিনষ্টের সব ষড়যন্ত্র আমরা নস্যাৎ করে দেব।

বুধবার বিকালে জাতীয় পার্টি চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদের শারদীয় দুর্গাপূজা উপলক্ষে রাজধানীর ঢাকেশ্বরী, রমনা কালিমন্দির এবং রামকৃষ্ণ মিশন পরিদর্শন শেষে গণমাধ্যমকর্মীদের সঙ্গে তিনি এসব কথা বলেন। এসময় তিনি হিন্দু সম্প্রদায়ের নেতৃবৃন্দের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। তিনি বলেন, শুধু হিন্দু সম্প্রদায় নয়, সার্বজনীন দুর্গা উৎসবে এদেশের মুসলিম-বৌদ্ধ ও খৃষ্টান সম্প্রদায়ও উৎসব মুখর পরিবেশে অংশ নেয়। আশা করছি, বাংলাদেশে বিরাজমান হাজার বছরের সাম্প্রদায়িক সম্প্রীতির ঐতিহ্য আরও সম্বৃদ্ধ হবে। আরও সুসংহত হবে বাংলাদেশে অসাম্প্রদায়িক চেতনা।

এসময় জাতীয় পার্টি চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদের আরও বলেন, হুসেইন মুহম্মদ এরশাদ সব ধর্ম পালনে শ্রদ্ধাশীল ছিলেন।

তিনি বলেন, দাঙ্গাজনিত কারণে প্রায় ৫০ বছর রাজধানীতে জন্মাষ্টমীর শোভাযাত্রা বের হয়নি। পল্লীবন্ধু হুসেইন মুহম্মদ এরশাদের দেশ পরিচালনার সময় ১৯৮৯ সালে আবারও জন্মাষ্টমীর আনন্দ শোভাযাত্রা বের হয়। সেই থেকে জন্মাষ্টমীর শোভাযাত্রা উৎসবমুখর পরিবেশে বের হচ্ছে প্রতিবছর। পল্লীবন্ধু হুসেইন মুহম্মদ এরশাদ জন্মাষ্টমীর শুভ দিনটিকে সরকারি ছুটি ঘোষণা করেন। পল্লীবন্ধু গঠন করেছিলেন হিন্দু কল্যাণ ট্রাস্ট। মন্দির নির্মাণ ও সংস্কারে পল্লীবন্ধুর আন্তরিক সহায়তা ছিল সর্বজনবিদিত।

এসময় উপস্থিত ছিলেন জাতীয় পার্টির মহাসচিব মুজিবুল হক চুন্নু এমপি, পার্টির কো-চেয়ারম্যান সৈয়দ আবু হোসেন বাবলা এমপি, প্রেসিডিয়াম সদস্য সাহিদুর রহমান টেপা, অ্যাডভোকেট মো. রেজাউল ইসলাম ভূঁইয়া, জহিরুল ইসলাম জহির, উপদেষ্টা মনিরুল ইসলাম মিলন, যুগ্ম মহাসচিব ইকবাল হোসেন তাপস, ফখরুল আহসান শাহজাদা, সাংগঠনিক

সম্পাদক নির্মল দাস, সম্পাদকমণ্ডলীর সদস্য মাসুদুর রহমান মাসুম, জহিরুল ইসলাম মিন্টু, গোলাম মোস্তফা, মিজানুর রহমান মিরু, যুগ্ম সম্পাদকমণ্ডলীর সদস্য সুজন দে, মাহমুদ আলম, সমরেশ মণ্ডল মানিক, কেন্দ্রীয় সদস্য মুহিত হাওলাদার, জিয়াউর রহমান বিপুল, মোখলেসুর রহমান বস্তু, ছাত্রসমাজ সভাপতি ইব্রাহিম খান জুয়েল।